



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার নং-০৪

০৮ জুন ২০২৬
তারিখ: -----
২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

CMSME খাতে চলতি মূলধন পুনঃ অর্থায়ন তহবিল প্রসঙ্গে।

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) দেশের অর্থনীতির অন্যতম চালিকা শক্তি। এ খাতটি শ্রমনিবিড় ও স্বল্প পুঁজি নির্ভর হওয়ায় এবং এর উৎপাদন সময়কাল স্বল্প হওয়ায় আমদানি বিকল্প পণ্য/সেবা উৎপাদনসহ জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে ইতিবাচক অবদান রাখতে সক্ষম। তবে, বাস্তবতার নিরিখে চাহিদার তুলনায় এ খাতে চলতি মূলধনের সরবরাহ বিঘ্নিত হওয়ায় এ খাতের বিকাশ যেমন বাঁধাগ্রস্ত হচ্ছে তেমনি কর্মসংস্থান সৃষ্টি বাধাগ্রস্ত হচ্ছে।

২. বর্ণিত প্রেক্ষাপটে, দেশে কর্মসংস্থান সৃষ্টি ও CMSME খাতের বিকাশের লক্ষ্যে এ খাতের উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত স্বল্প সুদে/মুনাফায় ও সহজ শর্তে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা নিশ্চিত করতে তফসিলি ব্যাংকের উদ্বৃত্ত তারল্যে বাংলাদেশ ব্যাংকের ব্যবস্থাপনায় গঠিত তহবিল হতে ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃ অর্থায়ন তহবিল গঠন করা হলো। বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের জন্য প্রযোজ্য এ পুনঃ অর্থায়ন তহবিলটির ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী প্রযোজ্য হবে:

২.১ তহবিলের নাম: 'CMSME খাতে চলতি মূলধন পুনঃ অর্থায়ন তহবিল।'

২.২ তহবিলের উৎস: বাংলাদেশ ব্যাংকের ব্যবস্থাপনায় তফসিলি ব্যাংকের উদ্বৃত্ত তারল্যে গঠিত তহবিল।

২.৩ তহবিলের উদ্দেশ্য: সচল CMSME প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সরবরাহের মাধ্যমে তাদের Full capacity তে উৎপাদন/সেবা/ব্যবসা কার্যক্রম পরিচালনায় সক্ষমতা বৃদ্ধি করা এবং দেশে প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে মন্ত্রুর অর্থনীতির চাকা গতিশীল করা।

২.৪ তহবিলের পরিমাণ: ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকা, যা আবর্তনশীল (Revolving) হিসেবে পরিচালিত হবে।

২.৫ তহবিলের মেয়াদ: সার্কুলার জারির তারিখ হতে ৩ (তিন) বছর।

২.৬ পুনঃ অর্থায়নের ধরণ ও পরিধি: বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৭ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ মোতাবেক CMSME গ্রাহক প্রতিষ্ঠানের অনুকূলে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ। নবায়নকৃত চলতি মূলধন ঋণ/বিনিয়োগের বিপরীতেও পুনঃ অর্থায়নের আবেদন করা যাবে।

২.৭ পুনঃ অর্থায়নের বিপরীতে সুদ/মুনাফার হার ও আদায় প্রক্রিয়া: এ তহবিলের আওতায় পুনঃ অর্থায়িত অর্থের বিপরীতে ব্যাংক সমূহকে ৪% (চার শতাংশ) হারে সুদ/মুনাফা প্রদান করতে হবে যা ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর ভিত্তিক) আরোপিত হবে। এক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে সুদারোপ হলেও গ্রাহকের অনুকূলে ঋণ প্রদানকালে গ্রেস পিরিয়ড প্রদান করা হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুরূপ সময়কাল গ্রেস পিরিয়ড বিবেচনা করে পরবর্তী ত্রৈমাসিক ভিত্তিতে সুদ/মুনাফাসহ কিস্তির অর্থ আদায় করা হবে।

২.৮ গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার, অন্যান্য চার্জস ও গ্রেস পিরিয়ড:

২.৮.১ এ তহবিলের আওতায় ব্যাংকসমূহ কর্তৃক গ্রাহক পর্যায়ে আরোপিত সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৯% (নয় শতাংশ)। ইসলামী শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকের বিনিয়োগ ও অন্যান্য ব্যাংকের ইসলামিক ব্যাংকিং পদ্ধতির মাধ্যমে অনুমোদিত বিনিয়োগের ক্ষেত্রে ব্যাংকসমূহ এ সার্কুলারের শর্তাদির ব্যত্যয় না করে স্থায়ী অনুমোদিত বিনিয়োগ পদ্ধতির ভিত্তিতে এ তহবিলের আওতায় গ্রাহককে বিনিয়োগ প্রদান করবে;

২.৮.২ আলোচ্য তহবিলের আওতায় ০৩ অথবা ০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদান করা যাবে। এক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে সুদারোপ হলেও গ্রেসপিরিয়ড অতিবাহিত হওয়ার পর হতে কিস্তি আদায় শুরু করতে হবে;

২.৮.৩ বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত শিডিউল অব চার্জস সংক্রান্ত বিদ্যমান নীতিমালায় বর্ণিত চার্জ/ফি ব্যতিরেকে গ্রাহকের নিকট হতে অন্য কোনো ধরনের চার্জ বা ফি আদায় করা যাবে না।

২.৯ গ্রাহক পর্যায়ে ঋণ প্রাপ্তির যোগ্যতা:

২.৯.১ সাধারণভাবে সচল CMSME প্রতিষ্ঠান কিন্তু প্রয়োজনীয় ওয়ার্কিং ক্যাপিটালের অভাবে Full capacity তে উৎপাদন/সেবা/ব্যবসা কার্যক্রম পরিচালনা করতে সক্ষম হচ্ছে না এরূপ সিএমএসএমই প্রতিষ্ঠান এ তহবিলের আওতায় চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা পাবে;

২.৯.২ কোনো সিএমএসএই গ্রাহকের অনুকূলে যদি বাংলাদেশ ব্যাংকের অন্য কোনো পুনঃ অর্থায়ন/প্রাক-অর্থায়ন অথবা অনুরূপ কোনো স্কিম/তহবিল হতে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা চলমান থাকে তবে সে সকল গ্রাহকের ঋণ চাহিদা ব্যাংক কর্তৃক যথাযথভাবে পর্যালোচনাকরতঃ গ্রাহকের ঋণসীমার মধ্যে এ তহবিলের আওতায় ঋণ প্রদান করা যাবে।

২.৯.৩ CIB তে খেলাপী হিসেবে চিহ্নিত ঋণগ্রহীতাগণ আলোচ্য তহবিলের আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে না।

২.১০ পুনঃ অর্থায়ন গ্রহণের যোগ্য প্রতিষ্ঠান:

২.১০.১ বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক এ তহবিল হতে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে। তবে, যে সকল ব্যাংকের ঋণ আমানতের অনুপাত ৭০% এর অধিক সে সকল ব্যাংক আলোচ্য তহবিল হতে পুনঃ অর্থায়ন গ্রহণে অগ্রাধিকার পাবে। এক্ষেত্রে, কোনোক্রমেই বাংলাদেশ ব্যাংক কর্তৃক ADR/IDR এর নির্ধারিত সীমা অতিক্রম করা যাবে না;

২.১০.২ আলোচ্য তহবিলের আওতায় তফসিলি ব্যাংকসমূহকে পরিচালক (এসএমইএসপিডি), এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে। চুক্তিবদ্ধ ব্যাংক অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (PFI) হিসেবে বিবেচিত হবে।

৩. অন্যান্য:

- ৩.১.১ গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ আদায়ের সকল দায়-দায়িত্ব ঋণ বিতরণকারী ব্যাংকসমূহের ওপর ন্যস্ত থাকবে। গ্রাহক পর্যায়ে ঋণ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনাকে সম্পর্কিত করা যাবে না;
- ৩.১.২ ঋণ ঝুঁকি হ্রাসকল্পে ব্যাংক প্রয়োজনবোধে গ্রাহকের অনুকূলে প্রদত্ত চলতি মূলধন ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে সহাজামানত দ্বারা আবৃত করতে পারবে;
- ৩.১.৩ সময়ে সময়ে অথবা প্রয়োজনানুসারে এ বিভাগ কর্তৃক আলোচ্য তহবিলের আওতায় পুনঃ অর্থায়ন মঞ্জুরির পূর্বে বা পরে এতদসংক্রান্ত দলিলাদি তলব ও ঋণের সদ্যবহার সরেজমিন পরিদর্শন করা হবে;
- ৩.১.৪ এ তহবিলের আওতায় গ্রাহক নির্বাচন ও চলতি মূলধন ঋণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে এ বিভাগ কর্তৃক ১৭ মার্চ ২০২৫ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর নির্দেশনা এবং বাংলাদেশ ব্যাংকের অপরাপর প্রযোজ্য নির্দেশনা পরিপালনীয় হবে।

৪. ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(নওশাদ মোস্তাফা)

পরিচালক (এসএমইএসপিডি)

ফোনঃ ৯৫৩০৫০২

nawshad.mustafa@bb.org.bd